দৈনিক বাংলা 16

তাং 11 SEP 1990
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি ঃ যশোর বোর্ডে ৭জনে ১ জন কম্পার্টমেন্টাল

বরিশাল, ১০ই সেপ্টেম্বর (ইউএনবি)।– এ বছর যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় মোট ৮৯ হাজার ৩৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে প্রায় ১৪ হাজার অর্থাৎ প্রতি ৭জনে একজনের বেশী – পরীক্ষার্থী বিভিন্ন বিষয়ে কম্পার্টমেন্টাল পেয়েছে। মোট পরীক্ষার্থীর মধ্যে মাত্র ২৭ হাজার ৩৭৭ জন পাস করেছে। পাসের শতকরা হার ৩০ দশমিক ৬৩।

বিভিন্ন কারণে প্রায় আড়াই হাজার পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হয়েছে। বোর্ড কর্তৃপক্ষ জানান, শীগগীর কম্পার্টমেন্টাল পরীক্ষার বিস্তারিত কর্মসূচী ঘোষণা করা হবে।

এবছর বরিশাল জেলায় সবচে বেশী সংখ্যক পরীক্ষার্থী কম্পার্টমেন্টাল পেয়েছে এদের সংখ্যা ২০৪৪। এর পরে রয়েছে যশোর জেলা। এদের সংখ্যা ১৫৪৯। সবচে কম কম্পার্টমেন্টাল পেয়েছে বরগুনা জেলার পরীক্ষার্থীরা। এদের সংখ্যা মাত্র ৪০।